গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

নং-এলজিইডি/পিইডিপি-৩/ডি-১২/২০১২(অংশ-৫)/ ৭৪৮৯ তারিখঃ ২৬ -১০-২০১৬ ইং।

# পরিপত্র

বিষয়ঃ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতায় এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন বাজেটের পূর্তকাজ সংক্রান্ত কতিপয় ক্ষমতা অর্পন ও পুনঃ অর্পন প্রসঙ্গে।

সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের বাজেট অনুবিভাগ-২, শাখা-১১ এর স্মারক নং-০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-৫৭৫, তারিখঃ ১৬-০৮-২০১৫ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতায় এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন কার্যচুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনায় আরও গতিশীলতা আনয়ন এবং সিদ্ধান্ত গ্রহন ত্বরান্বিত করার লক্ষ্যে ক্রয়কারী কার্যালয় প্রধানের উপর অর্পিত ক্ষমতা নিম্নরূপ অর্পন ও পুনঃ অর্পন করা হলোঃ

| বিষয় | | অফিসসমূহের উপর অর্পনকৃত ক্ষমতা | | | |
|---|---|---|---|---|---|
| | | বিভাগীয় অফিস (অতিরিক্ত প্রধান প্রকৌশলী) | আঞ্চলিক অফিস (তত্ত্বাবধায়ক প্রকৌশলী) | জেলা পর্যায়ের অফিস (নির্বাহী প্রকৌশলী) | উপজেলা পর্যায়ের অফিস (উপযুক্ত কর্তৃপক্ষ) |
| Off-Line টেন্ডার | সূত্রস্থ স্মারকপত্রের ক্রমিক নং(৩৩)ঃ পূর্তকাজ ও ভৌত সেবা সংক্রান্ত চুক্তি অনুমোদন। | প্রাক্কলিত মূল্যের ৫% উর্দ্ধদর পর্যন্ত অনধিক ৭৫ লক্ষ টাকা। | প্রাক্কলিত মূল্যের ৫% উর্দ্ধদর পর্যন্ত অনধিক ৫০ লক্ষ টাকা। | প্রাক্কলিত মূল্যের সমদর পর্যন্ত অনধিক ৪০০ লক্ষ টাকা। | প্রাক্কলিত মূল্যের সমদর পর্যন্ত অনধিক ২০০ লক্ষ টাকা। |
| e-GP টেন্ডার | সূত্রস্থ স্মারকপত্রের ক্রমিক নং(৩৩)ঃ পূর্তকাজ ও ভৌত সেবা সংক্রান্ত চুক্তি অনুমোদন। | প্রাক্কলিত মূল্যের সমদর পর্যন্ত অনধিক ১০০ লক্ষ টাকা। | প্রাক্কলিত মূল্যের সমদর পর্যন্ত অনধিক ৭৫ লক্ষ টাকা। | প্রাক্কলিত মূল্যের সমদর পর্যন্ত অনধিক ৫০ লক্ষ টাকা। | নাই |
| পিপিআর-২০০৮ এর বিধি-৭৯ অনুযায়ী পূর্তকাজ ও ভৌত সেবা সংক্রান্ত চুক্তির ভেরিয়েশন অনুমোদন। | | চুক্তি মূল্যের ৫% বৃদ্ধি পর্যন্ত অনধিক ১০০ লক্ষ টাকা। | চুক্তি মূল্যের ৫% বৃদ্ধি পর্যন্ত অনধিক ৭৫ লক্ষ টাকা। | নাই | নাই |

উল্লেখ্য, এতদসংশ্লিষ্ট আর্থিক বিধি বিধান ও সরকারি আদেশ নির্দেশসহ পিপিআর-২০০৮ যথাযথভাবে অনুসরন করতে হবে।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।


(শ্যামা প্রসাদ অধিকারী)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ০২-৯১২৪০২৭
ই-মেইলঃ ce@lged.gov.bd


অনুলিপিঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বিভাগ), এলজিইডি,__________ বিভাগ, জেলাঃ __________।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি,__________অঞ্চল, জেলাঃ __________।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ__________।
৬। নির্বাহী প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি,__________ অঞ্চল, জেলাঃ __________।
৭। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলাঃ __________, জেলাঃ__________।